(৪২)

ইত্তেফাক

তারিখ ... 23.10.82 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 1 ...

054

# পরীক্ষা কেন্দ্রে গণ-টোকাটুকিঃ পরিদর্শন টীমের একটি রিপোর্ট

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সদ্য সমাপ্ত ডিগ্রী পরীক্ষায় পুরানো ঢাকার একটি কলেজে 'গণ-টোকাটুকি' হইয়াছে। পরীক্ষার্থীদের পাশে বসিয়া সাহায্যকারী দল নির্বিঘ্নে প্রশ্নের উত্তরদানে সহায়তা করিয়াছে। কোন কোন কক্ষে পরিদর্শকের দীর্ঘ অনুপস্থিতি এক শ্রেণীর পরীক্ষার্থীর জন্য অফুরন্ত সুযোগ সৃষ্টি করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর কর্তৃক গঠিত ৪ সদস্যের একটি পরিদর্শন দল কর্তৃক প্রণীত রিপোর্টে এই তথ্য জানা গিয়াছে।

ডিগ্রী পরীক্ষায় পুরাতন ঢাকার একটি কেন্দ্রে কোন কোন কক্ষে দরজা-জানালা বন্ধ করিয়া পরিদর্শনবিহীন অবস্থায় ব্যাপক গণ-টোকাটুকি চলিতেছে মর্মে অভিযোগ পাওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর দ্রুত ৪ সদস্যের একটি পরিদর্শন টীম গঠন করেন। বিশ্ববিদ্যালয়ের একজন সিণ্ডিকেট সদস্য সম্বলিত এই টীম গত ২৮শে সেপ্টেম্বর দুপুরে সংশ্লিষ্ট কলেজের অডিটরিয়ামে পৌছিয়া দেখেন ভিতর হইতে সকল দরজা বন্ধ করিয়া শতাধিক পরীক্ষার্থী বইপত্র খুলিয়া পরীক্ষার খাতা ভরাইতেছে। কলেজের ভাইস প্রিন্সি-

(৮ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা কেন্দ্রে

(১ম পৃঃ পর)

পালকে দিয়া একটি দরজা খুলিয়া লইয়া পরিদর্শন টীমের সদস্যবৃন্দ ভিতরে প্রবেশ করিতেই তাহারা তাজ্জব বনিয়া যান। পরীক্ষার্থীর সংখ্যার চাইতে দ্বিগুণ সাহায্যকারী উপস্থিত থাকায় অডিটরিয়ামে লোক ছিল তিন শতাধিক।

পরিদর্শন টীম ভাইস চ্যান্সেলরের নিকট পেশকৃত তাহাদের রিপোর্টে উল্লেখ করেন, ''সেখানে দাঁড়াইয়া দেখিলাম সমস্ত অডিটরিয়ামে বাত্তি জ্বলিতেছে। কোন ইনভিজিলেটর নাই।''

বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন টীম সাড়ে ১১টায় কলেজে পৌছিয়া অডিটরিয়ামে যাওয়ার ইচ্ছা ব্যক্ত করিলে অডিটরিয়ামের পশ্চিম দিক দিয়া তাহাদের একটি কলাপসিবল গেটের সামনে আনিয়া বলা হয়, গেটের চাবি যাহার নিকট সে এখন কলেজে নাই। পরিদর্শন টীমের জনৈক সদস্য অডিটরিয়ামে যাইবার ভিন্ন পথের ধারণা দিলে তাহাদের প্রায় ২০ মিনিট পর সেখানে লইয়া যাওয়া হয়। কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় পরিদর্শন টীমকে পরীক্ষা কক্ষের যে তালিকা প্রদর্শন করেন উহাতে অডিটরিয়ামের উল্লেখ ছিল না।